বিপিএটিসি স্কুল এন্ড কলেজ

এস এস সি পরীক্ষা-২০২১ এর

২য় প্রস্তুতিমূলক মূল্যায়ন

শ্রেণি: দশম

বিষয়: ব্যবসায় উদ্যোগ — বিষয় কোড-১৪৩

সময় : ৩ ঘণ্টা — পূর্ণমান : ১০০

ক বিভাগ: সৃজনশীল প্রশ্ন (নম্বর-৭০)

১। জনাব আসিফ একটি কোম্পানির বিক্রয় ব্যবস্থাপক। তিনি লক্ষ্য করেছেন সঠিক পরিকল্পনা থাকা সত্ত্বেও বছর শেষে প্রতিবারই বিক্রয়ে বড় ধরনের ঘাটতি হচ্ছে। ঘাটতি পূরণের লক্ষ্যে তিনি কোম্পানির সকল পর্যায়ে তত্ত্বাবধানের মান বাড়ানোর নির্দেশ দিলেন।

ক. প্রতিষ্ঠানের অন্যতম উপাদান কী? ১

খ. 'নির্দেশনা দান' বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. তত্ত্বাবধানের মান বৃদ্ধির জন্য জনাব আসিফের কী করা উচিত? বর্ণনা কর। ৩

ঘ. তুমি কী মনে কর জনাব আসিফ একজন দক্ষ ব্যবস্থাপক? মতামত দাও। ৪

২। বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে ব্যবসায় উদ্যোগের অবদান অসীম। এর মাধ্যমে উদ্যোক্তাগণ নব নব প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে নতুন নতুন পণ্য উৎপাদন করছে। ফলে ভোক্তারা নতুন পণ্য পাওয়ার পাশাপাশি চাহিদাও পূরণ করতে পারছে।ব্যবসায় উদ্যোগের ফলে নতুন নতুন কার্মসংস্থান সৃষ্টি হচ্ছে।

ক. ব্যবসায় উদ্যোগ এর ইংরেজি প্রতিশব্দ কী? ১

খ. ব্যবসায় উদ্যোক্তার গুণাবলি ব্যাখ্যা কর। ২

গ. কীভাবে উদ্যোক্তাগণ নব প্রযুক্তির ব্যবহার করে নতুন পণ্য উৎপাদন করছে বিশ্লেষণ কর। ৩

ঘ. বাংলাদেশের আর্থসামাজিক উন্নয়নে ব্যবসায় উদ্যোগের অবদান মূল্যায়ন কর। ৪

৩। চার্টার্ড অ্যাকাউন্টেন্সি পাস করার পর জনাব অর্ণব চৌধুরী অন্যের অধীনে চাকরি না করে চৌধুরী অ্যান্ড কোং নামে একটি চার্টার্ড অ্যাকাউন্টেন্সি ফার্ম স্থাপন করেন। নতুন প্রতিষ্ঠান হওয়ায় স্বল্প পরিচিতির কারণে কাজ পাওয়ার ক্ষেত্রে তিনি সমস্যার সম্মুখী হন।

ক. ব্যবসায় ক্রমবিকাশের কোন যুগে কাগজী মুদ্রার প্রচলন ঘটে? ১

খ. ব্যবসায়ের পরিবেশ বলতে কী বোঝায়? ২

গ. চৌধুরী অ্যান্ড কোং- এর ব্যবসায়িক কার্যাবলি ব্যবসায়ের কোন শাখার অন্তর্গত? ব্যাখ্যা কর। ৩

ঘ. সমস্যা মোকাবিলায় জনাব অর্ণব চৌধুরীর জন্য কোন কাজটি সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে তুমি মনে কর। তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৪। গাজী তানবীল একজন শিক্ষিত যুবক। তিনি যোগ্যতা অনুযায়ী চাকরি না পেয়ে আত্মকর্মসংস্থানের মাধ্যমে জীবিকা নির্বাহ করতে চান। এজন্যে তিনি যুব উন্নয়ন কেন্দ্র থেকে প্রমিক্ষণ নিয়ে পরিকল্পিতভাবে গবাদিপশুর খামার গড়ে তোলেন। বর্তমানে তিনি স্বাবলম্বী।

ক. পরিকল্পনা কী? ১

খ. সুষ্ঠু ব্যবসায় পরিকল্পনা প্রয়োজন কেন? ২

গ. প্রশিক্ষণের ফলে কী কী সুবিধা পাওয়া সম্ভব বলে তুমি মনে কর? ৩

ঘ. আত্মকর্মসংস্থানের উপযুক্ত ক্ষেত্র নির্বাচনের ক্ষেত্রে তুমি কোন কোন বিষয়গুলো বিবেচনার পরামর্শ দিবে? ৪

৫। জিসান, জারিফ এবং শাফিন চুক্তিবদ্ধ হয়ে 'বিসমিল্লাহ এন্টারপ্রাইজ' নামে একটি ব্যবসায় স্থাপন করেন। চুক্তিতে মূলধন সরবরাহ, লাভ-লোকসান বন্টনের অনুপাত ও ব্যবসায় পরিচালনার বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ হয়েছে। প্রথম দিকে তারা ব্যবসায়টি নিবন্ধিত করে নি। পরবর্তীতে তারা বেশকিছু সুবিধা প্রাপ্তির আশায় নিবন্ধকের নিকট থেকে নিবন্ধনপত্র পেয়ে যথাযথভাবে ফরম পূরণ করে আবেদন করেছে।

ক. আচরণে অনুমিত অংশীদার কাকে বলে? ১

খ. অংশীদারি ব্যবসায়ের চুক্তিপত্রের বিষয়বস্তু ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের অংশীদারি ব্যবসায়টির নিবন্ধন প্রক্রিয় বর্ণনা কর। ৩

ঘ. "নিবন্ধিত অংশীদারি ব্যবসায় অনিবন্ধিত অংশীদারি ব্যবসায় অপেক্ষা উত্তম"-মূল্যায়ন কর। ৪

৬। পুরান ঢাকার জুয়েল ওয়েল্ডিং মেশিনের দোকান দিয়েছেন। তিনি ক্রেতাদের ফরমায়েশ অনুযায়ী জানালার গ্রিল, গাড়ির যন্ত্রাংশসহ অনেক কিছু বানান। অন্যদিকে তার বন্ধু ফরহাদ মুদির দোকান দিয়েছে। নানান উৎস থেকে বিভিন্ন ধরনের মাল কিনে এনে বাজারে বিক্রয় করেন। প্রতিদিন পণ্য সংগ্রহ আর বিভিন্ন ধরনের গ্রাহকের সাথে লেনদেনে তার ব্যস্ততা জুয়েলের চেয়ে অনেক বেশি।

ক. ব্যবসায়কে প্রধানত কত ভাগে ভাগ করা হয়েছে? ১

খ. বাংলাদেশের ব্যবসায়িক পরিবেশের প্রাকৃতিক উপাদান ব্যাখ্যা কর। ২

গ. জুয়েলের কাজ কোন শিল্পের অর্ন্তগত তা বর্ণনা কর। ৩

ঘ. ফরহাদের ব্যবসায়ের কাজ জুয়েলের কাজ অপেক্ষা কষ্টকর-তুমি কী একমত? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৭। বিজ্ঞাপণ ও বাজারজাতকরণ শীর্ষক এক আলোচনা সভায় বিজ্ঞাপন নির্মাতা মি. রিজওয়ান বলেন, ক্রেতার দৃষ্টি আকর্ষণে বিজ্ঞাপন একটি ধারাবাহিক প্রক্রিয়া। যেকোনো পণ্যের বাজারজাতকরণের ক্ষেত্রে বিজ্ঞাপনের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রধান আলোচক হিসেবে মি. শাহীন তার বক্তব্যে বলেন, বর্তমানে বিজ্ঞাপন দানের ক্ষেত্রে উৎপাদক ও বাজারজাতকারী প্রতিষ্ঠান কর্তৃক বহু মাধ্যমের ব্যবহার লক্ষণীয়।

ক. মোড়কীকরণ কী? ১

খ. গুদামজাতকরণ করা হয় কেন? ২

গ. মি. রিজওয়ানের দৃষ্টিকোন থেকে বিজ্ঞাপন প্রদানের মাধ্যমসমূহ কী? বর্ণনা কর। ৩

ঘ. বাজারজাতকরণের ক্ষেত্রে উদ্দীপকের মূল প্রতিপাদ্য বিষয়টির উদ্দেশ্য আলোচনা কর। ৪

খ বিভাগঃ সংক্ষিপ্ত প্রশ্ন (নম্বর-৩০)

৮। সংক্ষিপ্ত উত্তর দাওঃ

১. পেশা হিসেবে ব্যবসায় হলো-
২. কোন যুগে বাজার ও শহর সৃষ্টি হয়?
৩. কোন যুগে তথ্য প্রযুক্তির উন্নয়ন হয়?
৪. কোনটি ব্যবসায়ের ঝুঁকিগত বাধা দূর করে?
৫. ব্যবসায় পরিবেশের উপাদানকে কয় ভাগে ভাগ করা যায়?
৬. বাণিজ্যিক আইন ও শিল্প আইন মিলে কোন পরিবেশের সৃষ্টি হয়?
৭. উৎপাদন প্রক্রিয়াকে সহজতর করে কোনটি?
৮. উদ্যোক্তা কোনটির মাধ্যমে সিদ্ধান্ত নিয়ে থাকেন?
৯. সাফল্য অর্জনে উদ্যোক্তাকে কী ত্যাগ করতে হয়?
১০. ব্যবসায় উদ্যোগ বাস্তবায়নে কিসের প্রয়োজন?
১১. ঝুঁকিকে কয় ভাগে ভাগ করা হয়?
১২. সফল উদ্যোক্তাগণ সব সময় কী পরিমাণ ঝুঁকি গ্রহণ করে থাকেন?
১৩. মোট শ্রম শক্তির মধ্যে কত অংশ যুবক-যুবতী?
১৪. বাংলাদেশে দ্রুত জনসংখ্যা বাড়ায় কিসের সৃষ্টি হচ্ছে?
১৫. আত্মকর্মসংস্থানে আয়ের সম্ভাবনা কেমন?
১৬. যৌথ উদ্যোগে পরিচালিত ব্যবসায়ের সফলতার সম্ভাবনা কেমন?
১৭. ব্যবসায়ের জন্য সাফল্য লাভের পূর্বশর্ত কী?
১৮. কোনটি কর্মীর কর্মদক্ষতা বাড়ায়?
১৯. প্রশিক্ষণের মাধ্যমে কী কমে যায়?
২০. ব্র্যাক প্রতিষ্ঠানটি হলো-
২১. মালিকানার ভিত্তিতে ব্যবসায় সংগঠন কত প্রকার?
২২. একমালিকানা ব্যবসায়ের দায় কেমন?
২৩. অশীদারদের দায়িত্ব ও ক্ষমতা কোথায় উল্লেখ থাকে?
২৪. অশীদারি আইনে বিলোপসাধনের পদ্ধতি কয়টি?
২৫. কোন নেতৃত্বে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হয়?
২৬. কোন নেতৃতে সিদ্ধান্ত গ্রহণে বেশি সময় লাগে?
২৭. সমবায় ব্যাংক কোন মেয়াদি ঋণ দেয়?
২৮. কোন কাজটির মাধ্যমে পণ্যের মালিকানা হস্তান্তরিত হয়?
২৯. কোনটি ক্রেতা ও বিক্রেতাকে একত্রিত করে?
৩০. বিজ্ঞাপণের প্রধান মধ্যম কোনটি?